# ৪৫তম বিসিএস (লিখিত) পরীক্ষা

বাংলাদেশ বিষয়াবলি
পরীক্ষার তারিখ : ২৭.০১.২০২৪
বিষয় কোড : ০০৫, ধলেশ্বরী
নির্ধারিত সময় : ৪ ঘণ্টা, পূর্ণমান : ২০০
[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

১. সংক্ষিপ্ত আলোচনা করুন : নম্বর
(ক) স্মার্ট বাংলাদেশ ৪×৫=২০
(খ) আয়কর মেলা
(গ) ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে
(ঘ) নারীর ক্ষমতায়ন
(ঙ) ভৌগোলিক নির্দেশনা।

২. স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের মধ্যে পার্থক্য কী? ১৯৪৭ থেকে ১৯৭১ পর্যন্ত বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের পর্যায়গুলো আলোচনা করুন। ২০

৩. সংবিধানের প্রস্তাবনা এবং এর গুরুত্ব সম্পর্কে কী জানেন? বাংলাদেশের সংবিধানে পঞ্চদশ সংশোধনীর ফলে যেসব পরিবর্তন এসেছে, সেগুলোর প্রভাবসহ আলোচনা করুন। ২০

৪. পররাষ্ট্রনীতি বলতে কী বোঝেন? বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলনীতি, উদ্দেশ্য, দুর্বলতা এবং সীমাবদ্ধতা আলোচনা করুন। ২০

৫. সামাজিক অস্থিরতা বলতে কী বোঝায়? বাংলাদেশের সামাজিক অস্থিরতা বৃদ্ধির কারণ ও এর প্রতিকার আলোচনা করুন। ২০

৬. বাংলাদেশের কৃষিজমি অকৃষি কাজে স্থানান্তরিত হবার স্বরূপ ও সংকট বিশ্লেষণ করুন। উক্ত সংকট মোচনের উপায়সমূহ আলোচনা করুন। ২০

৭. দারিদ্র্য বিমোচন বলতে কী বোঝায়? বাংলাদেশের দারিদ্র্য বিমোচনে সরকার গৃহীত কার্যক্রমগুলো আলোচনা করুন। ২০

৮. 'আজ উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ'–উক্তিটির আলোকে বাংলাদেশ সরকার গৃহীত ৩টি প্রকল্প সম্পর্কে আলোচনা করুন। ২০

৯. তিস্তা পানি বণ্টন চুক্তি কেন প্রয়োজন? এ সম্পর্কে বাংলাদেশ ও ভারত সরকার গৃহীত কার্যক্রমসমূহ আলোচনা করুন। ২০

১০. বাংলাদেশের সরকারি সেবা প্রদানের ক্ষেত্রে ই-গভর্ন্যান্সের প্রভাব চিহ্নিত করুন। ২০